

মাদারীপুর জেলায় জুলাই ২০২৬ মাসে অনুষ্ঠিত "জেলা আইন-শৃঙ্খলা কমিটির" সভার কার্যবিবরণী

সভাপতি : মর্জিনা আক্তার, জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর
সভার তারিখ : ১২ জুলাই, ২০২৬
সভার সময় : সকাল ১০:০০ টা
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
সভার উপস্থিতি : (পরিশিষ্ট ক দ্রষ্টব্য)

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :


ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	মাদারীপুর জেলার অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী	(১) মাদারীপুর জেলায় জুন, ২০২৬ মাসে ডাকাতি, দস্যুতা, সিঁধেল চুরি, অন্যান্য চুরি, গাড়ি চুরি, গরু চুরি, খুন, অপহরণ, দাঙ্গা, অস্ত্র আইন, মাদকদ্রব্য, নারী ও শিশু নির্যাতন, এসিড, দ্রুত বিচার, চোরাচালান এবং অন্যান্য প্রকৃতির মোট ২৬১ টি মামলা দায়ের করা হয়। মাদারীপুর জেলায় মে, ২০২৬ মাসে মোট ২১৬ টি মামলা দায়ের করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, মে ২০২৬ মাসের তুলনায় জুন ২০২৬ মাসে ৪৫ টি মামলা বৃদ্ধি পেয়েছে। (২) অত্র জেলায় সংঘটিত অপরাধসমূহ হ্রাসকরণসহ মামলার সংখ্যা হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।	অত্র জেলাধীন বিভিন্ন এলাকায় চুরি, দস্যুতা, খুন, নারী ও শিশু নির্যাতন এবং মাদকসহ বিভিন্ন ধরনের অপরাধ প্রবণতা অধিকতর বিশ্লেষণ করতে এবং হ্রাস করতে কঠোর নজরদারী বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর
২.	গ্রাম আদালত সংক্রান্ত তথ্য	(১) সভায় জানানো হয়, মাদারীপুর জেলার ০৫ টি উপজেলায় গ্রাম আদালতে মে ২০২৬ মাসের জের ১৩ টি, জুন ২০২৬ মাসে দায়ের ১৭৮ টি, সর্বমোট মামলা সংখ্যা ১৯১ টি। তন্মধ্যে জুন ২০২৬ মাসে ১৮০ টি মামলা নিষ্পত্তি হওয়ায় বর্তমানে ১১ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। মে ২০২৬ ও জুন ২০২৬ মাসে অত্র জেলার গ্রাম আদালতে গড়ে ০৩ টি মামলা গ্রহণ করা হয়েছে। তবে মে ২০২৬ মাসের মামলা নিষ্পত্তির হার ৯২.২৩ শতাংশ এবং জুন ২০২৬ মাসের মামলা নিষ্পত্তির হার ৯৪.২৪ শতাংশ। আগত মাসের তুলনায় বিবেচ্য মাসে নিষ্পত্তির হার বৃদ্ধি পেয়েছে। (২) গ্রাম আদালতের কার্যক্রম নিয়মিত পরিচালনাসহ মামলা গ্রহণ এবং নিষ্পত্তির হার আরো বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	গ্রাম আদালতের কার্যক্রম নিয়মিত পরিচালনাসহ প্রতি মাসে গড়ে ০৫ টি মামলা গ্রহণ এবং নিষ্পত্তির হার আরো বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপপরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাদারীপুর
৩.	কিশোর গ্যাং ও সন্ত্রাস বিরোধী প্রচার প্রচারণা এবং জনসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত	কিশোর এবং যুব সমাজকে সামাজিক ও নৈতিক অবক্ষয়ের হাত থেকে রক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয়ে নিয়মিত অভিভাবক সমাবেশ এবং উঠান বৈঠকের আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	(১) কিশোর এবং যুব সমাজকে সামাজিক ও নৈতিক অবক্ষয়ের হাত থেকে রক্ষায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অভিভাবক সমাবেশ অব্যাহত রাখতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (২) সকল মসজিদে জুমার খুতবার মাধ্যমে কিশোর গ্যাং ও সন্ত্রাস বিরোধী প্রচারণা বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি) মাদারীপুর ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৩। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর ৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর ৫। জেলা তথ্য অফিসার, মাদারীপুর
৪.	সড়কে যানবাহন	(১) সভায় জানানো হয় যে, ডাইভিং লাইসেন্স, হেলমেট ও রেজিস্ট্রেশনবিহীন মোটরসাইকেল চলাচল বন্ধে সড়ক পরিবহন আইন ২০১৮ এর অধীনে নিয়মিত মোবাইল কোর্ট	(১) সড়কে নিরাপদ যানবাহন চলাচল নিশ্চিত করার লক্ষ্যে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে অধিক সংখ্যক মোবাইল কোর্ট	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	চলাচল নিয়ন্ত্রণ সংক্রান্ত।	পরিচালনা অব্যাহত আছে। জুন ২০২৬ মাসে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে ০৭ টি মোবাইল কোর্ট এর মাধ্যমে ২৪ টি মামলায় =৫৪,৩০০/- (চুয়ান্ন হাজার তিনশত) টাকা জরিমানা আদায় করা হয়েছে। এ ধারা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	পরিচালনা আরও বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৪। সহকারী পরিচালক, বিআরটিএ, মাদারীপুর ৫। সভাপতি, বাস মালিক সমিতি, মাদারীপুর
৫.	মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত।	(১) সভায় জানানো হয় যে, জুন ২০২৬ মাসে মাদারীপুর জেলার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক সর্বমোট ৫৪ টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ১১৭ টি মামলায় ৪,৩৮,১৫০/- (চার লক্ষ আটত্রিশ হাজার এতশত পঞ্চাশ) টাকা অর্থদণ্ড এবং ৩৭ (সাতত্রিশ) জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান করা হয়।	(১) সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), মাদারীপুর ৫। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), মাদারীপুর ৬। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর
৬.	বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত আলোচনা।	(১) অত্র জেলাধীন সকল উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির মাধ্যমে ভবিষ্যতে মাদারীপুর জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করা যাবে মর্মে সভায় অবহিত করা হয়। এক উপজেলার অপ্রাপ্ত বয়স্ক ছেলে-মেয়ে যাতে অন্য উপজেলার নিকাহ রেজিস্ট্রারের মাধ্যমে বিবাহ কার্যক্রম সম্পন্ন করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়।	(১) সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় ভবিষ্যতে মাদারীপুর জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (২) বাল্যবিবাহ রোধে ইমাম, পুরোহিত ও নিকাহ রেজিস্ট্রারদের মধ্যে জনসচেতনতা আরো বৃদ্ধি করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৩। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মাদারীপুর ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর ৫। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর
৭.	জেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত।	(১) উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর জানান, ডাসার, রাইজের, শিবচর ও সদর এর বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা চলমান আছে। এছাড়াও তিনি বলেন, জেলার বিভিন্ন স্থানে প্রতি শুক্রবার জুমার নামাজ এর খুতবাতে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে প্রচার প্রচারণামূলক কর্মসূচি চলমান আছে এবং আরো জনসচেতনতামূলক কার্যক্রম ও লিফলেট বিতরণ বৃদ্ধির লক্ষ্যে কাজ করা হচ্ছে। তিনি আরোও বলেন, মাদকের স্পটগুলো চিহ্নিত করে উপজেলা নির্বাহী অফিসারদের সাথে যোগাযোগ করে নিয়মিত মোবাইল কোর্ট বা অভিযান পরিচালনা করা হলে মাদকের প্রকোপ হ্রাস পাবে। (২) জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর জানান, ডনোভান বালিকা উচ্চ বিদ্যালয়ের আশে-পাশে বাইক নিয়ে ছেলেরা দলবদ্ধভাবে আড্ডা দেয় ও ইভ-টিজিং করে। এ বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী ও জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। (৩) উপপরিচালক, এনএসআই, মাদারীপুর বলেন, চৌরাস্তা থেকে মস্তফাপুর পর্যন্ত রাস্তায় বড় বড় গর্ত থাকায় প্রতিনিয়ত যাত্রীরা সমস্যার সম্মুখীন হচ্ছে ও দুর্ঘটনার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে জেলা প্রশাসনের মাধ্যমে এলজিইডি, সড়ক ও জনপদ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।	(১) মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান অব্যাহত রাখা এবং জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে জনসচেতনতামূলক কার্যক্রম ও লিফলেট বিতরণ কার্যক্রম বৃদ্ধির বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (২) ডনোভান বালিকা উচ্চ বিদ্যালয়সহ সকল বালিকা উচ্চ বিদ্যালয়ের আশে পাশে বাইক নিয়ে ছেলেরা যেন দলবদ্ধভাবে আড্ডা দিতে না পারে সেজন্য আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক টহল কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (৩) চৌরাস্তা থেকে মস্তফাপুর পর্যন্ত ভাঙ্গা রাস্তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	১। পুলিশ সুপার, মাদারীপুর ২। সিভিল সার্জন, মাদারীপুর ৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ৫। প্রশাসক, পৌরসভা (সকল) মাদারীপুর ৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাদারীপুর ৭। উপপরিচালক, এনএসআই, মাদারীপুর ৮। অধিনায়ক, র‍্যাব-৮, মাদারীপুর ক্যাম্প, মাদারীপুর ৯। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর ১০। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর ১১। বিজ্ঞ পিপি, মাদারীপুর ১২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর ১৩। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		(৪) সিভিল সার্জন প্রতিনিধি, মাদারীপুর, বর্তমানে ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি বিষয়ে সভায় অবহিত করেন এবং সকলকে এ বিষয়ে সচেতন থাকার আহবান জানান। (৫) কোম্পানী কমান্ডার, র‍্যাব-৮, মাদারীপুর চুরি, ছিনতাই, ডাকাতি, চাঁদাবাজি ও মাদকের বিরুদ্ধে তাদের বিশেষ অভিযান অব্যাহত রয়েছে মর্মে সভায় অবহিত করেন। (৬) মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২ জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এর আন্দোলনের মামলার আসামীদের আইনের আওতায় আনার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও মাদক, কিশোর গ্যাং, মানবপাচার, চাঁদাবাজ ও ভূমি দস্যুতা নির্মূলে সচেতন সমাজসহ সকলকে একত্রে কাজ করার আহবান জানান। (৭) এডভোকেট জনাব মোঃ জামিনুর হোসেন মিঠু, সদস্য, জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর, জানান ওজোপাড়িকোর কর্মকর্তা ও কর্মচারীরা নিয়মিত গ্রাহকদের বিল প্রেরণ না করে একত্রে ২/৩ মাসের বিল প্রেরণ করেন। এতে সাধারণ জনগণ ভোগান্তির স্বীকার হচ্ছে। এ বিষয়ে জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। (৮) উপপরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর জানান, পৌরসভার মধ্যে প্রায় ১৮ কি.মি ডেন লাইন রয়েছে। এসকল ডেন লাইনের মধ্যে কিছু কিছু এলাকায় আগের পুরানো ডেন থেকে রাস্তা উঁচু হওয়ায় জলাবদ্ধতা দেখা দিয়েছে। (৯) এডভোকেট জনাব সাইফুর রহমান, সদস্য, মস্তফাপুর থেকে ভুরঘাটা পর্যন্ত মহাসড়কের পাশে গড়ে উঠা স'মিল গুলো পর্যাপ্ত জায়গা না থাকায় রাস্তার পাশে গাছ এলোমেলো ভাবে রাখা হয়েছে। এতে দূরপাল্লার বাস ও বিভিন্ন ধরনের গাড়ি চলাচলে বিঘ্ন ঘটছে ও দুর্ঘটনার সম্ভাবনা রয়েছে। (১০) পুলিশ সুপার, মাদারীপুর জানান, মাননীয় প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে নিরাপত্তার বিষয় জোরদার করা হয়েছে। এছাড়াও কিশোর গ্যাং, মানবপাচার, চুরি, ছিনতাই এবং মাদকের বিরুদ্ধে বিশেষ অভিযান অব্যাহত আছে। (১১) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর, মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষ্যে পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে শিবচর থেকে ভুরঘাটা পর্যন্ত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, উপজেলা নির্বাহী অফিসারগণসহ সকল দপ্তরকে সচেতনতার সাথে একত্রে কাজ করার আহবান করেন। এছাড়াও দাপ্তরিক কাজ ত্বরান্বিত রাখার লক্ষ্যে বিদ্যুৎ ব্যবস্থাপনা কমিটির সভা, হাসপাতাল কমিটির সভাসহ প্রধান শিক্ষকদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহারে নিরুৎসাহিত করে খেলাধুলায় আগ্রহী করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। সকল বালিকা উচ্চ বিদ্যালয়ে ইডটিজিং প্রতিরোধে সচেতনতামূলক ব্যবস্থা গ্রহণসহ মোবাইল কোর্ট এর নির্দেশনা প্রদান করেন। মাদকের বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক প্রচার প্রচারণাসহ লিফলেট বিতরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। অবৈধ অস্ত্র যাতে কোন ভাবে এ জেলায় প্রবেশ করতে না পারে সে বিষয়ে বিভিন্ন গোয়েন্দা সংস্থা, পুলিশ বিভাগসহ সকল উপজেলা	(৪) ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি না পেতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (৫) চুরি, ছিনতাই, ডাকাতি, চাঁদাবাজি ও মাদকের বিরুদ্ধে বিশেষ অভিযান চলমান রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (৬) জুলাই ২০২৪ এর আন্দোলনে মামলার আসামীদের আইনের আওতায় আনতে হবে। এছাড়াও মাদক, কিশোর গ্যাং, মানবপাচার, চাঁদাবাজ ও ভূমি দস্যুতা নির্মূলে সচেতন সমাজসহ সকলকে একত্রে কাজ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (৭) নিয়মিত গ্রাহকের বিল প্রদানের বিষয়ে এবং বিদ্যুৎ ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (৮) জলাবদ্ধতা নিরসনের জন্য ডেনের পানি নিকাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (৯) মস্তফাপুর থেকে ভুরঘাটা পর্যন্ত মহাসড়কের পাশে গড়ে উঠা স'মিল গুলো যাতে রাস্তার পাশে এলোমেলো ভাবে গাছ না রাখতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (১০) মাননীয় প্রধান মন্ত্রীর সফরকে কেন্দ্র করে নিরাপত্তার বিষয় জোরদার এর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। (১১) মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষ্যে পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সকল দপ্তরকে একত্রে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহারে নিরুৎসাহিত করে খেলাধুলায় আগ্রহী করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। মাদকের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ মাদকের বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক প্রচার প্রচারণা জন্য লিফলেট বিতরণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও অবৈধ অস্ত্র যাতে কোন ভাবে এ জেলায় প্রবেশ করতে না পারে সে বিষয়ে কঠোর নজরদারী রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১৪। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, মাদারীপুর

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		নির্বাহী কর্মকর্তাদের কঠোর নজরদারী রাখার বিষয়ে আহবান জানান।		
৮.	বিবিধ আলোচনা	(১) উপজেলা পর্যায়ে প্রতি মাসে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক চোরাচালান প্রতিরোধে টাস্কফোর্স অভিযান পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। (২) আগামীতে সকলের সার্বিক সহযোগিতায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে শান্তিপূর্ণ অবস্থায় রাখা যায় সে বিষয়ে বিশদ আলোচনা করা হয়।	(১) উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) এবং জেলা পর্যায়ে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক প্রতি মাসে চোরাচালান প্রতিরোধে টাস্কফোর্স অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) পুলিশ সুপার, মাদারীপুর (২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর (৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর

সভায় অন্য কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানানো হয় এবং জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

 ২২.০৭.২৬

মর্জিনা আক্তার
জেলা ম্যাজিস্ট্রেট

ও

সভাপতি

জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর
dcmadaripur@mopa.gov.bd




তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১২ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১২৩.০৪.০০৩.২৫-৫০৫ (৫০)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. পুলিশ সুপার, মাদারীপুর।
৬. সিভিল সার্জন, মাদারীপুর।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক, (সকল) মাদারীপুর।
৮. প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর, মাদারীপুর।
৯. উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/শিবচর/কালকিনি/রাজৈর/ভাসার, মাদারীপুর ও সভাপতি, সংশ্লিষ্ট উপজেলা আইন শৃঙ্খলা কমিটি।
১০. প্রশাসক, মাদারীপুর পৌরসভা/শিবচর পৌরসভা/কালকিনি পৌরসভা/রাজৈর পৌরসভা, মাদারীপুর।
১১. কোম্পানী কমান্ডার, র‍্যাব-৮, মাদারীপুর।
১২. উপপরিচালক, এনএসআই, মাদারীপুর।
১৩. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মাদারীপুর।
১৪. অধ্যক্ষ, মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর।
১৫. অধ্যক্ষ, সরকারি সুফিয়া মহিলা কলেজ, মাদারীপুর।
১৬. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাদারীপুর।
১৭. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাদারীপুর।
১৮. বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর (পিপি), মাদারীপুর।
১৯. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাদারীপুর।
২০. জেল সুপার, জেলা কারাগার, মাদারীপুর।
২১. সহকারী পরিচালক, বিআরটিএ, মাদারীপুর।
২২. সভাপতি, জেলা বার এসোসিয়েশন, মাদারীপুর।
২৩. সভাপতি, চেম্বার অব কমার্স, মাদারীপুর।
২৪. সভাপতি, বণিক সমিতি, মাদারীপুর।
২৫. সভাপতি, প্রেস ক্লাব, মাদারীপুর।
২৬. জনাব -----মাদারীপুর।
২৭. অফিস কপি।

 ২২.৭.২৬

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

ও

সদস্য সচিব

জেলা আইন-শৃঙ্খলা কমিটি, মাদারীপুর

